

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য মুস্তাহাব হলো যখন তিনি ইমাম থাকবেন, তখন কিরা'আত শুরু করার আগে কিছুক্ষন চুপ থাকা, যাতে তার পিছনের মুসল্লীরা সূরা ফাতিহার কিরা'আতে শরীক হতে পারেন

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمُصلِّي إِذَا كَانَ إِمَامًا أَنْ يَسْكُتَ قَبْلَ ابْتِدَاءِ الْقِرَاءَةِ لِيَلْحَقَ مَنْ خَلْفَهُ قِرَاءَةَ فَاتِحَةِ الْكِتَابِ

আরবী

1774 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي ذِنْبٍ عَنْ سَعِيدِ بْنِ سَمْعَانَ مَوْلَى الزُّرَقِيِّينَ قَالَ: وَخَلَ عَلَيْنَا أَبُو هُرَيْرَةَ الْمَسْجِدَ فَقَالَ: ثَلَاثٌ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْمَلُ بِهِنَّ تَرَكَهُنَّ النَّاسُ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ رَفَعَ يَدَيْهِ مَدَّا وَكَانَ يَقِفُ قَبْلَ الْقِرَاءَةِ هُنَيْهَةً يَسْأَلُ اللَّهُ مِنْ فَضِلْهِ وَكَانَ يُكَبِّرُ فِي الصَّلَاةِ كُلَّمَا رَكَعَ وَسَجَدَ.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1774 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৭৪. যুরাকীদের আজাদকৃত দাস সা'ঈদ বিন সাম'আন থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের কাছে মাসজিদে আসেন, অতঃপর তিনি বলেন, "তিনটি জিনিস যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমল করতেন, কিন্তু লোকজন তা ছেড়ে দিয়েছে। (১) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে দাঁড়াতেন, তখন তিনি দুই হাত সম্প্রসারিত করতেন, (২) কিরা'আতের আগে কিছুক্ষন চুপ থাকতেন, আল্লাহর কাছে তাঁর অনুগ্রহ চাইতেন এবং (৩) যখনই তিনি রুকু' ও সাজদা করতেন, তখন তাকবীর দিতেন।"[1]



ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৪৫৯; হাকিম: ১/২৩৪; সুনান বাইহাকী: ২/২৭; মুসনাদ আহমাদ: ২/৪৩৪; আবূ দাউদ: ৭৫৩; নাসাঈ: ২/১২৪; দারেমী: ১/২৮১; তিরমিযী: ২৪০; আত তায়ালিসী: ২৩৭৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৯৫;সহীহ ইবনু খুযাইমাহ: ৪৫৮; তিরমিযী: ২৩৯; সুনান বাইহাকী: ২/২৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৭৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু সাম'আন (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন